ট্রান্সওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেন্ডার, মে ২০২৪।

১. একটি নতুন হৃদয় - ঈশ্বরের পরিচর্য্যা কাজের জন্য কি আপনার হৃদয় উন্মুখ হয়ে আছে? খ্রীষ্টের জন্য অন্য মানুষেরা যে তাঁদের জীবন উৎসর্গ করছেন সেটা দেখার ইচ্ছা কি আপনার আছে? যদি সেটা না হয়, তাহলে প্রার্থনা করুন ঈশ্বর যেন আপনাকে একটা নতুন হৃদয় দেন। (যিহিষ্কেল ৩৬:২৬)

২. লক্ষ্যে স্থির থাকুন - খ্রীষ্টান হিসাবে সফল হওয়ার চাবীকাঠি হলো আপনার দৃষ্টি যীশুর প্রতি নিবদ্ধ রাখা। আর মনে রাখবেন: তিনি প্রতিজ্ঞা করেছেন যে তিনি কখনো আপনার দিক থেকে তাঁর দৃষ্টি সরিয়ে নেবেন না। ঈশ্বরের ধন্যবাদ করুন যে তিনি প্রতিজ্ঞা করেছেন যে তিনি আপনাকে ছাড়বেন না অথবা ত্যাগ করবেন না। (১ বংশাবলি ২৮:২০)

৩. অযোগ্য - ত্রিত্ব ঈশ্বর আপনার এবং সমস্ত মানব সমাজের জন্য কত আশ্চর্য্য কাজ করেছেন, যদিও আমাদের মধ্যে কেউই তার যোগ্য নই। আজ তাঁর প্রশংসা করুন আর আপনাকে রক্ষা করার জন্য তাঁর ধন্যবাদ করুন! (গীতসংহিতা ১০৫:১,২)

৪. প্রস্তুত - ঈশ্বর চান আমরা যেন আরও বেশী করে তাঁর মতো হতে পারি, আর তিনি চান যেন প্রত্যেকটি উত্তম কাজের জন্য আপনি সম্পূর্ণ প্রস্তুত থাকেন। প্রার্থনা করুন যেন পবিত্র আত্মা ভিতর থেকে আপনাকে পরিবর্তন করেন যাতে ঈশ্বর যেমন চান আপনি তেমন হয়ে উঠতে পারেন। (২ তীমথিয় ৩:১৬,১৭)

৫. লড়াই - 'তোমাদের মধ্যে কোথা হইতে যুদ্ধ ও কোথা হইতে বিবাদ উৎপন্ন হয়? তোমাদের অঙ্গ প্রত্যঙ্গে যে সকল সুখাভিলাষ যুদ্ধ করে, সে সকল হইতে কি নয়?'(যাকোব ৪:১)। যতক্ষণ না আমাদের হৃদয় এবং মন খ্রীষ্টের প্রভুত্বে সমর্পিত হই, ততক্ষণ আমাদের দৈহিক লালসা আমাদের উপরে প্রভাব বিস্তার করে থাকে। খ্রীষ্টকে আপনার আত্মার উপরে কতৃত্ব করতে দিন।

৬. যুদ্ধ - 'আর স্বর্গে যুদ্ধ হইল; মীখায়েল ও তাঁহার দূতগণ ঐ নাগের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।.....এবং স্বর্গে তাহাদের স্থান আর পাওয়া গেল না।' (প্রকাশিত বাক্য ১২:৭-৮)। শয়তান হচ্ছে মন্দের উৎস আর সে প্রচণ্ড ভাবে ঈশ্বরের শাসনকে প্রতিরোধ করে। খুব শীঘ্র ঈশ্বর একটি নতুন স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করবেন। তাঁর প্রভুত্বে আপনি নিজেকে সমর্পণ করুন আর তাহলে অনন্তকালের জন্য তাঁর সঙ্গে রাজত্ব করতে পারবেন।

৭. অন্তিম কাল - 'আর তোমরা যুদ্ধের কথা ও যুদ্ধের জনরব শুনিবে;....কিন্তু তখনও শেষ নয়।' The Rule of Law in Armed Conflict (RULAC) অনুযায়ী এই সময়ে সারা বিশ্বে ১১০টার বেশী সশস্ত্র সংঘর্ষ চলছে। এটা এবং অন্যান্য ঘটনার কথা মথি ২৪ অধ্যায় যীশু উল্লেখ করেছিলেন। এগুলো শেষ সময় নয় কিন্তু 'গর্ভযন্ত্রণার আরম্ভ' মাত্র। পুরুষেরা, বিশ্বাসে দৃঢ় হন যেন রক্ষা পেতে পারেন।

৮. ঢুলে পড়া - 'আর বর বিলম্ব করাতে সকলে ঢুলিতে ঢুলিতে ঘুমাইয়া পড়িল।' (মথি ২৫:৫)। প্রায় সমস্ত পুরুষদের জন্যেই ধৈর্য্য হচ্ছে একটা দুর্বলতার বিষয়। আমরা অ্যাকশন পছন্দ করি! কিন্তু খ্রীষ্টের প্রত্যাবর্তন আমাদের সময়সূচিতে নেই। তবুও তাঁর আগমন পর্যন্ত আমাদের কাজ করার আজ্ঞা এখনো বলবৎ আছে। প্রার্থনা করুন যেন ঢুলে না পড়েন কিন্তু একজন সাক্ষী হতে পারেন এবং পরিচর্য্যা কাজে নিযুক্ত থাকুন।

৯. অযৌতিক ঘৃণা - 'চোর আইসে, কেবল যেন চুরি, বধ ও বিনাশ করিতে পারে' (যোহন ১০:১০ক)। হলোকস্টের পর থেকে পৃথিবীতে ঘৃনাকে মধ্যেপ্রাচ্যের মারাত্মক ইহুদীবিদ্বেষী আক্রমণের মতো পৈশাচিক, অযৌতিক, এবং শয়তানী রূপে দেখা যায়নি। ইহুদীদের প্রতি ঘৃণা হচ্ছে ঈশ্বরের প্রতি ঘৃণা এবং এটা ঈর্ষার মতোই প্রাচীন। নির্দোষ ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য প্রার্থনা করুন।

১০. আশ্চর্য্যজনক প্রেম - 'কিন্তু ঈশ্বর আমাদের প্রতি তাঁহার নিজের প্রেম প্রদর্শন করিতেছেন; কারণ আমরা যখন পাপী ছিলাম, তখনও খ্রীষ্ট আমাদের নিমিত্ত প্রাণ দিলেন।'(রোমীয় ৫:৮)। তাঁর এই আশ্চর্য্যজনক প্রেমে ঈশ্বর শয়তানের কবল থেকে পতিত মানবজাতিকে রক্ষা করেছেন। আপনার বন্ধু আর আত্মীয়স্বজনের মধ্যে সুসমাচার প্রচার করুন। ঈশ্বরের পরিত্রাণের সুযোগ থেকে কেউই বঞ্চিত নয়।

১১. নাগালের বাইরে - 'অতএব তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্য কর.....' (মথি ২৮:১৯)। ৬০০০ বেশী সম্প্রদায়ের মানুষ আছে যাদের কাছে পৌঁছানো এখনো সম্ভব হয়নি, আনুমানিক ৩০০ কোটি মানুষ আছে যারা সুসমাচার শোনেনি। মণ্ডলীর জন্য, খ্রীষ্টের ভার্য্যার জন্য প্রার্থনা করুন যেন নিদ্রা থেকে জেগে উঠতে পারে আর আপনি এমন মানুষ হওয়ার জন্য আগ্রহী হতে পারবেন যিনি খ্রীষ্টের মহান আজ্ঞা মেনে চলবেন।

১২. ক্লেশ - '.....জগতে তোমরা ক্লেশ পাইতেছ; কিন্তু সাহস কর, আমিই জগৎকে জয় করিয়াছি।' (যোহন ১৬:৩৩)। আপনার ক্লেশে আপনি নিঃসঙ্গ নন! বেঁচে থাকার অর্থ হলো প্রতিকূলতার মুখোমুখি হওয়া। লুকাবার চেষ্টা করবেন না। তাঁর বাক্যের মাধ্যমে প্রভুকে গ্রহণ করুন আর আপনি তাঁর উপরে এমন ভাবে নির্ভর করুন যাতে তাঁর জ্ঞানে আর শক্তিতে আপনার সমস্যার মোকাবিলা করতে পারেন।

১৩. সঙ্কট - 'সঙ্গটে আমি সদাপ্রভুকে ডাকিলাম, আমার ঈশ্বরের উদ্দেশে আর্ত্তনাদ করিলাম।' (গীতসংহিতা ১৮:৬)। অনেক সময়ে ঈশ্বর আমাদের প্রার্থনার উত্তর দেন না কারণ তিনি আমাদের যা বলতে চান, তার জন্য আমরা প্রস্তুত নই। সুতরাং, তাঁর উপরে আস্থা রাখতে কখনো ক্ষান্ত হবেন না। তিনি আপনার কথা শোনেন। সমস্ত মহান মানুষেরা তাঁদের ভগ্নতা এবং সঙ্কটের দ্বারা ঈশ্বরের আশ্চর্য্যজনক মহিমা উপলব্ধি করেছেন।

১৪. উদ্বেগ - '...আমি আত্মার উদ্বেগে কথা বলিব...' (ইয়োব ৭:১১)। খুব অল্প সংখ্যক মানুষই ইয়োবের মতো কষ্টের তীব্রতার অভিজ্ঞতা লাভ করেন। কিন্তু একটা উদ্দেশে ঈশ্বর সেটা হতে দিয়েছিলেন। তিনি ইয়োবের সততার উপর আস্থা রেখেছিলেন যে তিনি হাজার কষ্ট পেলেও কখনো তাঁর বিশ্বাস পরিত্যাগ করবেন না। এমন একজন মানুষ হওয়ার জন্য প্রার্থনা করুন যেন যাই হোক না কেন, প্রভুর প্রতি বিশ্বাস অটল থাকবে।

১৫. ক্রোধ - 'তোমরা ভয় কর, পাপ করিও না, তোমাদের শয্যার উপরে মনে মনে কথা কহ, ও নীরব হও।' (গীতসংহিতা ৪:৪)। আপনি আগে এই কথা শুনেছেন: 'কথা বলার আগে ভাবুন। ক্রোধের বশে কোনো কাজ করবেন না।' কিন্তু ঈশ্বরের উপদেশ আত্মসংযমের থেকে অনেক অধিক। তিনি আমাদের লুকানো উদ্দেশ্য প্রকাশ করতে চান। আপনার রাত্রিতে আপনি তাঁকে কথা বলতে দিন।

১৬. দুর্ভাবনা - 'তোমাদের সমস্ত ভাবনার ভার তাঁহার উপরে ফেলিয়া দেও; কেননা তিনি তোমাদের জন্য চিন্তা করেন।'(১ পিতর ৫:৭)। আপনি যদি একজন দুশ্চিন্তাকারী হন, তাহলে আপনি জানেন যে আপনার উদ্বেগ থেকে নিষ্কৃতি পাওয়া কত কঠিন। বাইবেল আমাদের আজ্ঞা দেয় ছেড়ে দিতে,

আমাদের ভাবনার ভার প্রভুর উপর ফেলে দিতে। এটা আপনার বিশ্বাস এবং ইচ্ছার একটি প্রচেষ্টা। বিশ্বাস করুন যে প্রভু সব সময়ে তাঁর প্রতিজ্ঞা পূর্ণ করেন। তাঁর উপর আস্থা রাখুন!

১৭. অগ্রসর হওয়া - 'কেননা তোমার দ্বারা আমি সৈন্যদলের বিরুদ্ধে দৌড়ি; আমার ঈশ্বরের দ্বারা প্রাচীর উল্লঙ্ঘন করি।'(গীতসংহিতা ১৮:২৯)। দায়ূদ রাজা বহু বছর ধরে তাঁর শত্রুদের দ্বারা তাড়িত হয়েছিলেন আর তিনি জানতেন যে তিনি কী বলছেন। প্রার্থনা করুন যেন আপনিও এমন একজন পুরুষমানুষ হতে পারেন যিনি ঈশ্বরের জন্য জীবনযাপন করেন। তিনি আজ আপনাকে আপনার পরিবার এবং জগতের একজন নেতা হিসাবে ব্যবহার করতে চান।

১৮. অন্বেষণ - অসাধারণ! আমরা প্রভুর অন্বেষণ করা বেছে নিতে পারি আর তিনি প্রতিজ্ঞা করেছেন যে তিনি তাঁকে পেতে দেবেন। 'আর তোমরা আমার অন্বেষণ করিয়া আমাকে পাইবে; কারণ তোমরা সর্ব্বান্তঃকরণে আমার অন্বেষণ করিবে' (যিরমিয় ২৯:১৩)। প্রার্থনা করুন যেন আমাদের হৃদয় সর্বদা প্রভুর উপস্থিতি অন্বেষণ করার জন্য অনুরক্ত থাকে! পিতা আপনি আপনাকে পেতে দিচ্ছেন বলে আপনার ধন্যবাদ দিই।

১৯. ফল - একটি ফলের গাছ তার ফলের দ্বারা পরিচিত হয়। খ্রীষ্টবিশ্বাসী পুরুষ হিসাবে আমাদের উত্তম ফলে ফলবান হওয়ার কথা বলা হয়েছে কারণ আমরা খ্রীষ্টে, প্রকৃত দ্রাক্ষালতায় সংযুক্ত হয়ে আছি (যোহন ১৫:৫)। খ্রীষ্টের জন্য প্রার্থনা করুন, যিনি আপনার অন্তরে বাস করেন, যাতে তিনি আপনার মাধ্যমে তাঁর আত্মার ফল: প্রেম, আনন্দ, শান্তি, দীর্ঘসহিষ্ণুতা, মাধুর্য্য, মঙ্গলভাব, বিশ্বস্ততা উৎপাদন করতে পারেন।

২০. ভিন্ন - একটা ছাচের মধ্যে কাদামাটি ঢেলে ইট তৈরী করা হয়। যখন সেগুলো শুকিয়ে যায়, সেগুলো সব এক রকম দেখতে হয়। জগৎ আমাদেরকে তার সংস্কৃতি এবং জীবনধারার ছাঁচে ঢালতে চায়। বাইবেল আমাদের বলে আমরা যেন জগতের ‘ছাঁচ’কে গ্রহণ না করি কিন্তু ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী জীবনযাপন করি (রোমীয় ১২:২)। প্রভু, আপনার মান অনুসারে জীবনযাপন করতে আমাদের বিচক্ষণতা ও সাহস দিন।

২১. সংস্থান - বেকারত্ব অথবা সংস্থানের অভাব পরিবারে কঠিন সময় ডেকে আনতে পারে। বাইবেল বলে: 'যাহার মন তোমাতে সুস্থির, তুমি তাহাকে শান্তিতে, শান্তিতেই রাখিবে, কেননা তোমাতেই তাহার নির্ভর।' (যিশাইয় ২৬:৩)। প্রভু, যে সমস্ত পুরুষেরা কাজ এবং জীবিকার খোঁজ করছেন তাঁদের শান্তি, নির্দেশ, ও আপনার সংস্থানের জন্য আমরা প্রার্থনা করি।

২২. অভিভাবকত্ব - সন্তানেরা হচ্ছে ঈশ্বরের কাছ থেকে পাওয়া উপহার, এবং তাদের বড় করে তোলার এক বিশাল দায়িত্ব বাবা-মাকে নিতে হয়। 'কোন লোককে যে অনুযোগ করে, শেষে সে অনুগ্রহ পাইবে, যে জিহ্বাতে চাটুবাদ করে, সে নয়।' (হিতোপদেশ 28:23)। প্রভু, বাবা-মায়েদের সাহস আর অধ্যবসায় দান করুন যেন তাঁরা আপনার উদ্দেশ্যে তাঁদের সন্তানদের মানুষ করতে পারেন।

২৩. নতুন নিয়ম - স্বর্গীয় পিতা, চিত্তে বসবাসকারী আপনার জীবনের নতুন নিয়মের জন্য আমি কৃতজ্ঞ। আপনি আমার পুরোনো মন্দ হৃদয়ের পরিবর্তে আপনার পবিত্র আত্মাকে দান করেছেন। আপনি আর আমার পাশে থেকে আমাকে উপদেশ দিচ্ছেন না; কিন্তু এখন, আপনার আত্মা আমার চিত্তে বসবাস করেন এবং আপনাকে জানতে আর আপনার ইচ্ছা পালন করতে আমাকে সক্ষম করে তোলেন। আমি আপনার পথে হাঁটতে চাই। (ইব্রীয় ৮:৮-১০)

২৪. ফলবান জীবন - হে প্রভু যীশু, আমি ভেবেছিলাম যে আমি খুব ভালো কাজ করছি। এখন আমি উপলব্ধি করছি যে মাংসে মৃত যে কাজ, যার মধ্যে কোনো জীবন নেই, তার চেয়ে উত্তম কোনো কিছু ফলাতে আমি পারিনা। আপনি হচ্ছেন জীবনের উৎস। সুতরাং, বিনতি করি যেন আপনি আমার মধ্যে থাকেন, আমার অন্তরে আপনি বসবাস করেন এবং আমার জীবনকে চালিত করেন। একটি ফলবান জীবনের জন্য আপনার ধন্যবাদ করি। (যোহন ১৫:৪)

২৫. ভক্তির নিগূঢ়তত্ত্ব - সর্বশক্তিমান ঈশ্বর, ভক্তির নিগূঢ়তত্ত্ব হচ্ছে সবচেয়ে মহান নিগূঢ়তত্ত্ব। মানবতার মাঝে পবিত্র ঈশ্বরের বসবাস হচ্ছে সবচেয়ে বড় রহস্য। যীশু এই রহস্য সমাধান করেছিলেন যখন তিনি আমাদের জন্য ক্রুশের উপরে মৃত্যুবরণ করেন। আমার মন্দ স্বভাব তাঁর ঐশ্বরিক স্বভাবের দ্বারা পরিবর্তিত হলো। আমার অন্তরে বসবাস করার জন্য আপনাকে ধন্যবাদ। (কলসীয় ১:২৬,২৭)

২৬. প্রভুতে শ্রম করা - যে প্রভু, আমি ভেবেছিলাম আমার ভালো কাজগুলি গুরুত্বপূর্ণ। কিন্তু, আমি এখন বুঝতে পারছি যে খ্রীষ্টের কাজই হচ্ছে একমাত্র গুরুত্বপূর্ণ কারণ একমাত্র তাঁর কাজই চিরস্থায়ী। আপনাকে ধন্যবাদ, প্রভু যীশু, আপনার জীবন আমাকে প্রদান করার জন্য। এখন আমি আপনার শক্তিতে পরিশ্রম করতে পারি। দয়া করে আপনার মহান এবং পরাক্রমী কাজ আমার মাধ্যমে সম্পন্ন করুন। (কলসীয় ১:২৯)

২৭. আপনার কাজের উৎস - প্রভু যীশু, আপনি ব্যাখ্যা করে বলেছেন যে ঈশ্বর পিতা যিনি আপনার মধ্যে বাস করেন, তিনি হচ্ছেন আপনার সকল কাজের উৎস। যেহেতু আমি আপনাকে লাভ করেছি, ঈশ্বরের আত্মা আমার মধ্যে বাস করেন। যেমন ভাবে আপনি আপনার পিতার সম্পূর্ণ নির্ভরতায় জীবনযাপন করেছিলেন, আমি আমার জীবনের নিয়ন্ত্রণ আপনার উপর সমর্পণ করি যাতে আপনি আমার মধ্যে দিয়ে কাজ করতে পারেন। (যোহন ১৪:১০)

২৮. অন্ধত্ব - 'তাহাদের মধ্যে এই যুগের দেব অবিশ্বাসীদের মন অন্ধ করিয়াছে, যেন ঈশ্বরের প্রতিমূর্ত্তি যে খ্রীষ্ট, তাঁহার গৌরবের সুসমাচারদীপ্তি তাহাদের প্রতি উদয় না হয়।'(২ করিন্থীয় ৪:৪)। আমরা কত আশা করি এটা অন্যরকম হবে! কিন্তু বাস্তব হলো যে কেবল মাত্র যীশু খ্রীষ্টে এবং তাঁর বাক্যে বিশ্বাসই ঈশ্বরের ইচ্ছা কী বুঝতে সক্ষম করে তোলে। প্রভুতে সমর্পিত একজন পুরুষ মানুষ হোন। আপনার ঈশ্বরের সঙ্গে নম্র ভাবে চলাচল করুন।

২৯. শাসনব্যবস্থা - 'যাহার যাহা প্রাপ্য, তাহাকে তাহা দেও। যাঁহাকে কর দিতে হয়, কর দেও; যাঁহাকে শুল্ক দিতে হয়, শুল্ক দেও; যাঁহাকে ভয় করিতে হয়, ভয় কর; যাঁহাকে সমাদর করিতে হয়, সমাদর কর।'(রোমীয় ১৩:৭)। রোমীয় ১৩ অধ্যায় ১-৭ পদ এমন একটি শাসনব্যবস্থার উল্লেখ করে যেটা মঙ্গলের জন্য আইনের ধারাগুলো ব্যবহার করে। যাঁরা কতৃত্বপদে আছেন তাঁদের জন্য প্রার্থনা করুন আর এমন একজন পুরুষ মানুষ হোন যাঁর কাজকর্ম একজন উত্তম নাগরিককে প্রতিফলিত করে।

৩০. চোখ বাঁধা - 'কারণ সদাপ্রভু কহেন, আমার সঙ্কল্প সকল ও তোমাদের সঙ্কল্প সকল এক নয়, এবং তোমাদের পথ সকল ও আমার পথ সকল এক নয়।' (যিশাইয় ৫৫:৮)। আপনার যখন এমন অনুভূতি হয় যে আপনার জীবনে আপনি চোখ বাঁধা অবস্থায় আছেন আর বুঝতে পারছেন না কেন আপনার এই জিনিসগুলো হচ্ছে, তখন ঈশ্বরের জ্ঞান আর প্রেমময় অভিপ্রায়ের উপর নির্ভর করুন। তিনি হচ্ছেন ঈশ্বর আর যাঁরা তাঁকে ডাকে তিনি তাঁদের নিকটবর্তী এবং তিনি এখনো আপনাকে অবাক করে দেবেন।

৩১. সম্মানের পদক - সেনাবাহিনীতে উচ্চতম পদক দেওয়া হয় সেই ব্যক্তিকে যিনি সাহস, আত্মত্যাগ, দেশভক্তি, নাগরিকত্ব, সততা এবং দায়িত্বশীলতা প্রদর্শন করেন। আজ যখন অনৈকিকতা এবং অধার্মিকতার সুনামী সারা জগৎকে লণ্ডভণ্ড করে দিচ্ছে, তখন ঈশ্বর এমন পুরুষ মানুষের খোঁজ করছেন যারা প্রাচীর নির্মাণ করবে আর দেশের জন্য ফাটলের মধ্যে ঈশ্বরের সম্মুখে দাঁড়াবে। (যিহিষ্কেল ২২:৩০)